ব্রাজিল-আর্জেন্টিনার নতুন মিশন

রাশিয়া বিশ্বকাপের পর ঘরের মাঠে কোপা আমেরিকায় চোখ ছিল ব্রাজিলের। সেই পরীক্ষায় ভালোভাবেই পাস করেছেন ব্রাজিল কোচ তিতে। কিন্তু হার মেনেছেন আর্জেন্টিনা কোচ লিওনেল স্কালোনি এবং ফরোয়ার্ড লিওনেল মেসি। এবার নতুন মিশন শুরু করছে দুই দল। ২০২০ সালের কোপা আমেরিকা হবে আর্জেন্টিনায়। তার সঙ্গে ২০২২ সালের কাতার বিশ্বকাপের বাছাইপর্ব এবং শিরোপা জয়ের লক্ষ্য তাদের।

সেই যাত্রা শুক্রবার থেকে শুরু হবে আর্জেন্টিনার। চিলির বিপক্ষে ওই প্রীতি ম্যাচ দিয়েই নতুন মিশন শুরু হচ্ছে আর্জেন্টিনার। যদিও দুই ম্যাচের জন্য মেসিকে পাচ্ছেন না আলবেসেলেস্তেরা। তবে মেসি না থাকায় চিন্তিত নন আর্জেন্টিনা কোচ। বরং তরুণদের সুযোগ দিয়ে মূল আসরের জন্য ভালো দল গড়তে চায় তারা। শুক্রবার সকাল ৮টায় চিলির বিপক্ষে প্রীতি ম্যাচ দিয়ে শুরু হবে তাদের সেই সূচনা।

২০২২ সালে কাতারে হবে বিশ্ব ফুটবলের সবচেয়ে জমজমাট প্রতিযোগিতা। ওই টুর্নামেন্টেও ভালো করা চায়। সব মিলিয়ে দুর্দান্ত প্রস্তুতির আশা দু’বারের বিশ্বচ্যাম্পিয়নদের। অন্যদিকে ব্রাজিলও কাতার বিশ্বকাপের পাশাপাশি পরের কোপা আমেরিকার জন্য নিজেদের প্রস্তুত করতে মরিয়া। সে লক্ষ্যে শনিবার ভোর সাড়ে ৬টায় কলম্বিয়ার বিপক্ষে প্রীতি ম্যাচে নামবে তারা।

চার দিনের বিরতী দিয়ে ব্রাজিল পেরুর বিপক্ষে প্রীতি ম্যাচ খেলবে। দু্ই ম্যাচের জন্য ব্রাজিল দলে ডাক পেয়েছেন নেইমার। তবে তিনি খেলবেন কি-না বলা যাচ্ছে না। এখনও চোট থেকে পুরোপুরি সেরে ওঠেননি ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। পিএসজির হয়েও চলমান মৌসুমে মাঠে নামা হয়নি তার। সেক্ষেত্রে ব্রাজিলের জার্সিতে অভিষেক হয়ে যেতে পারে তরুণ ভিনিসিয়ুসের। যদিও কুতিনহো-রবার্তো ফিরমিনোদের ভিড়ে একাদশে ভিনিসিয়াস জায়গা পাবেন কি-না বলা যাচ্ছে না।

চিলি ম্যাচের পরে আর্জেন্টিনা খেলবে মেক্সিকোর বিপক্ষে। শেষ পাঁচ ম্যাচের চারটিতেই চিলিকে হারিয়েছে আলবেসেলেস্তেরা। তবে মেসির সঙ্গে সার্জিও আগুয়েরো এবং ডি মারিয়ারা না থাকায় পরীক্ষায় পড়তে হতে পারে আর্জেন্টিনার। তরুণদের ওপর ভরসা করে এর আগেও অবশ্য

সাফল্য পেয়েছে আর্জেন্টিনা।